

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd



শেখ হাসিনা'র মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নম্বর: ৪৬.০০.০০০০.০৭০.১৮.০০৪.২০.৩৭৬


তারিখ: ০৫ চৈত্র ১৪২৬
১৯ মার্চ ২০২০

বিষয় : সিটি কর্পোরেশন এলাকায় করোনাভাইরাসের সংক্রমন রোধে সিটি কর্পোরেশনসমূহের উদ্যোগে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ।

সিটি কর্পোরেশন এলাকায় করোনা ভাইরাসের সংক্রমন মোকাবেলায় সিটি কর্পোরেশনসমূহের উদ্যোগে নিম্নবর্ণিত নির্দেশনা জরুরি ভিত্তিতে প্রতিপালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল:

- সিটি কর্পোরেশন এলাকার সুবিধাজনক স্থানে জনগণের হাত ধোয়ার জন্য প্রয়োজনীয় লিকুইড/ হাতধোয়া সাবান এবং হাত জীবানুমুক্ত করার জন্য স্যানিটাইজার রাখা নিশ্চিত করতে হবে।
- “করোনা ভাইরাসের সংক্রমন প্রতিরোধে করণীয়” শীর্ষক প্রচারণা (মাইকিং ও লিফলেট) এবং মাস্ক বিতরণ করতে হবে।
- যে কোন প্রকার জনসমাগম রোধকল্পে সিটি কর্পোরেশনের কাউন্সিলরগণের নেতৃত্বে ওয়ার্ডভিত্তিক তদারকি কার্যক্রম নিশ্চিত করতে হবে।
- সিটি কর্পোরেশন এলাকায় সম্প্রতি বিদেশ ফেরৎ কোন ব্যক্তিকে হোম কোয়ারেন্টাইনে থাকা এবং তার পরিবারের সদস্যবৃন্দকে জনসমুখে না আসার জন্য ওয়ার্ডভিত্তিক কাউন্সিলরের নেতৃত্বে প্রচারণা চালিয়ে যেতে হবে। অবাধ্য ব্যক্তিদের বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনার ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- করোনা প্রতিরোধে এবং যে কোন প্রাদুর্ভাব মোকাবেলায় দ্রুততম সময়ে ব্যবস্থা গ্রহণের জন্য সকল সিটি কর্পোরেশনের কেন্দ্রীয় ও আঞ্চলিক পর্যায়ে কন্ট্রোল রুম স্থাপন করতে হবে।
- সিটি কর্পোরেশনের আওতাধীন স্বাস্থ্যকেন্দ্র/ হাসপাতালগুলোকে জরুরি প্রয়োজনে প্রস্তুত রাখতে হবে।
- স্বাস্থ্য সেবা বিভাগ, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়-সহ সরকারের অন্যান্য মন্ত্রণালয়/ বিভাগ এবং অধীনস্থ দপ্তর/ সংস্থার সাথে সমন্বয় নিশ্চিত করতে হবে এবং সকল নির্দেশনা/ বিজ্ঞপ্তি যথাযথ অনুসরণ করতে হবে।
- ওয়ার্ডভিত্তিক কর্মকর্তা-কর্মচারী, স্বেচ্ছাসেবীকে যথাযথ প্রশিক্ষণ প্রদান ও তাঁদের প্রতিরোধমূলক স্বাস্থ্যবিধি অনুসরণের মাধ্যমে সম্ভাব্য দুর্যোগ মোকাবেলায় জন্য প্রস্তুতি গ্রহণ করতে হবে। এ বিষয়ে স্বাস্থ্য সেবা বিভাগ, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের মতামত/ পরামর্শ অনুসরণ করতে হবে।
- উদ্ভূত পরিস্থিতি মোকাবেলায় কোয়ারেন্টাইন সুবিধা প্রদানের মত উপযুক্ত স্থানের ব্যবস্থা রাখতে হবে।

২। **বিষয়টি অতীব জরুরি।**



আ. ন. ম. ফয়জুল হক
উপসচিব

ফোন: ৯৫৭৩৬২৫

ই-মেইল: lgcc1@lgd.gov.bd

বিতরণ (কার্যার্থে):

প্রধান নির্বাহী কর্মকর্তা,

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন/ ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন/ রাজশাহী সিটি কর্পোরেশন/ চট্টগ্রাম সিটি কর্পোরেশন/
খুলনা সিটি কর্পোরেশন/ বরিশাল সিটি কর্পোরেশন/ কুমিল্লা সিটি কর্পোরেশন/ সিলেট সিটি কর্পোরেশন/
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন/ রংপুর সিটি কর্পোরেশন/ গাজীপুর সিটি কর্পোরেশন/ ময়মনসিংহ সিটি কর্পোরেশন।

অনুলিপি:

১। মাননীয় মন্ত্রী'র একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।